গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপের জীববৈচিত্র্য উন্নয়ন, ব্যবস্থাপনা ও সংরক্ষণ' শীর্ষক প্রকল্পের

**প্রকল্প-পরিচালকের কার্যালয়**

**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

২০/১২/১৪২৩ বঙ্গাব্দ

নং-২২.০২.০০০০.০৩৯.১৪.০১৩.১৭/৭৫ তারিখ ঃ----------------------

০৩/০৪ /২০১৭ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'প্রতিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপের জীববৈচিত্র্য উন্নয়ন, ব্যবস্থাপনা ও সংরক্ষণ' শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদসমূহে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নাম, যোগ্যতা, প্রাপ্য বেতন ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ ঃ-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫) | পদ সংখ্যা | নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪<br>(সরকারি বিধি মোতাবেক মাসিক সাকূল্যে বেতন) | ১ টি | (ক) বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রী। তবে কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নহে।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকুরির কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা।<br>(গ) কম্পিউটার এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে অভিজ্ঞতা। |
| ২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(সরকারি বিধি মোতাবেক মাসিক সাকূল্যে বেতন) | ১টি | (ক) উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। তবে কোনো পরীক্ষায় তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নহে।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকুরির কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা।<br>(গ) কম্পিউটার এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টে অভিজ্ঞতা।<br>(ঘ) বাংলা ও ইংরেজি টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন -২০ ও ইংরেজিতে সর্বনিম্ন -২৫ শব্দের গতি সম্পন্ন। |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ঃ

১। প্রার্থীর বয়স ৩০/০৪/২০১৭ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। কোনক্রমেই বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ ৩২ বৎসর, মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

২। আগ্রহী প্রার্থীগণকে আগামী ৩০/০৪/২০১৭ তারিখ ৫.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক, 'প্রতিবেশগত ব্যবস্থাপনার মাধ্যমে সেন্টমার্টিন দ্বীপের জীববৈচিত্র্য উন্নয়ন, ব্যবস্থাপনা ও সংরক্ষণ' শীর্ষক প্রকল্প ও পরিচালক (পরিকল্পনা), পরিবেশ অধিদপ্তর, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শেষ তারিখের পর প্রাপ্ত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে। কেবলমাত্র ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।

৩। সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ

(ক) সম্প্রতি তোলা ৩(তিন) কপি সত্যায়িত পাসপোর্ট আকারের ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;
(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি;
(চ) কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
(ছ) অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি
(জ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মুল সনদের সত্যায়িত অনুলিপি;
(ঝ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মুল প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি এবং
(ঞ) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাকে প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

৭। প্রার্থীদেরকে নিয়োগের উদ্দেশ্যে আয়োজিত সকল পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায় জানানো হবে এবং এ সংক্রান্ত সকল তথ্য পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নিয়োগপ্রাপ্তদের প্রয়োজন মোতাবেক সেন্টমার্টিন/টেকনাফ এ থেকে কাজ করতে হবে।

## <u>আবেদনপত্র দাখিলের নিয়মাবলী</u>

১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরম স্বহস্তে পূরণপূর্বক স্বাক্ষরসহ আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন ফরম পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইট **www.doe.gov.bd** হতে ডাউনলোড করা যাবে।

২। আবেদনপত্রের সাথে যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১৪/-(চৌদ্দ) টাকা মূল্যমানের ডাকটিকেট যুক্ত ১০˝ x ৪˝ সাইজের (সম্ভাব্য) ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৩। আবেদনপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা/উপজাতি বা অন্য কোনো কোটার প্রার্থীর ক্ষেত্রে খামের উপর সংশ্লিষ্ট কোটার নাম লিখতে হবে।

-স্বা-

**(মুহাম্মদ সোলায়মান হায়দার)**
প্রকল্প-পরিচালক
ও
পরিচালক (পরিকল্পনা)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।